# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 29.06.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য সরকার চলতি আর্থিক বছরে ব্যাঙ্কগুলির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ১ লক্ষ ৫৩ হাজার কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে।

২) বিহারে ২০২৩-এ কনস্টেবল নিয়োগের পরীক্ষায় দুর্নীতির অভিযোগে পাটনা পুলিশ এরাজ্য থেকে ৩ জনকে গ্রেফতার করেছে।

৩) রাজ্য সরকার উৎসশ্রী পোর্টাল ৩১-শে ডিসেম্বর অথবা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দিয়েছে।

৪) ন্যাশনাল টেস্টিং এজেন্সি – এন টি এ, বাতিল এবং স্থগিত রাখা পরীক্ষাগুলির নতুন তারিখ ঘোষণা করেছে।

ভারতের ছাত্র ফেডারেশন এস এফ আই, নিট – ইউ জি পরীক্ষায় দুর্নীতি এবং ইউ জি সি – নেট সহ বিভিন্ন পরীক্ষায় প্রশ্ন ফাঁসের প্রতিবাদে আগামী চৌঠা জুলাই দেশজুড়ে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

৫) বিজেপি কোচবিহারে সংখ্যালঘু মহিলাকে নিগ্রহের ঘটনায় তদন্তকারী দল গঠন করেছে। ওই দল আজ কোচবিহারে যাবে।

৬) মোবাইল চুরির অভিযোগে বৌ-বাজারে গণ প্রহারে ইরসাদ আলমের মৃত্যুর ঘটনায় পুলিশ ১৪ জনকে গ্রেফতার করেছে।

৭) কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গায় বর্ষার বৃষ্টি শুরু হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্য সরকার চলতি আর্থিক বছরে ব্যাঙ্কগুলির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ১ লক্ষ ৫৩ হাজার কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা ধার্য করেছে। স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি বা এসএলবিসি'র বৈঠকে আলোচনার পর এই লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। রাজ্যের অর্থ দফতর সূত্রে জানা গেছে, ঋণ দানের লক্ষ্যমাত্রা গত আর্থিক বছরের তুলনায় অনেকটাই বাড়ানো হয়েছে। আগেরবার এই লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা। কিন্তু ব্যাঙ্কগুলি সেই লক্ষ্যমাত্রা ছাপিয়ে চলতি আর্থিক বছরে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ১ লক্ষ ৪৫ হাজার কোটি টাকার বেশি ঋণ দিয়েছে। গত কয়েক বছর ধরেই ব্যাঙ্কগুলি এরাজ্যের ছোট শিল্পে ঋণ দানের হার ক্রমান্বয়ে বাড়াচ্ছে বলে অর্থ দফতরের তরফে জানানো হয়েছে। এর ফলে শিল্পে কর্মসংস্থানের সুযোগও বাড়ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিহারে ২০২৩-এ কনস্টেবল নিয়োগের পরীক্ষায় দুর্নীতির অভিযোগে পাটনা পুলিশ গতকাল চারজনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে ৩ জনই পশ্চিমবঙ্গের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের মধ্যে আছেন, ইছাপুরের বাসিন্দা কৌশিক কর, তার একটি ছাপাখানা রয়েছে। এছাড়া নিউ ব্যারাকপুরের সুমন বিশ্বাস এবং নোয়াপাড়ার সঞ্জয় দাসকেও গ্রেফতার করা হয়েছে। এদের বিহারে নিয়ে যাওয়া হয়েছে। সেখানে জিজ্ঞাসাবাদ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার উৎসশ্রী পোর্টাল ৩১-শে ডিসেম্বর অথবা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রাখার কথা জানিয়েছে। প্রাথমিক শিক্ষা দফতরের এক নির্দেশিকায় গতকাল একথা জানানো হয়। এই উৎসশ্রীর মাধ্যমে শিক্ষক-শিক্ষিকারা বাড়ির কাছাকাছি স্কুলে বদলির জন্য অনলাইনে আবেদন জানাতেন। তা আপাতত বন্ধ রাখা হলো।

এদিকে, বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি এবং শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ এই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছে। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা প্রশ্ন তুলেছেন, যদি পারস্পরিক বদলি করা হয়, তাহলে এক্ষেত্রে কেন বদলি হবে না।

অন্যদিকে, শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, বছরের পর বছর নিয়োগ বন্ধ রাখা হয়েছে। তারপর এই উৎসশ্রী পোর্টাল বন্ধ করে দেওয়ায় শিক্ষক ও শিক্ষা কর্মীরা চরম সমস্যায় পড়বেন। ব্যাহত হবে শিক্ষাদান প্রক্রিয়াও।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী বছরের মাধ্যমিক পরীক্ষার রুটিন প্রকাশিত হয়েছে। মধ্যশিক্ষা পর্ষদের তরফে জানানো হয়েছে আগামী বছরের মাধ্যমিক পরীক্ষা ১০ ফেব্রুয়ারি শুরু হবে , চলবে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত।

১০ ফেব্রুয়ারি হবে প্রথম ভাষারা পরীক্ষা। ১১ ফেব্রুয়ারি দ্বিতীয় ভাষা। ১৫ ফেব্রুয়ারি অঙ্ক, ১৭ ফেব্রুয়ারি ইতিহাস, ১৮ ফেব্রুয়ারি ভূগোল, ১৯ ফেব্রুয়ারি জীবনবিজ্ঞান, ২০ ফেব্রুয়ারি ভৌতবিজ্ঞান এবং ২২ ফেব্রুয়ারি ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা নেওয়া হবে।কিছুদিনের মধ্যেই ওয়েবসাইটে আনুষ্ঠানিক ভাবে পরীক্ষার সূচি প্রকাশ করবে মধ্য শিক্ষা পর্ষদ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ন্যাশনাল টেস্টিং এজেন্সি – এন টি এ, বাতিল এবং স্থগিত রাখা পরীক্ষাগুলির নতুন তারিখ ঘোষণা করেছে। গতকাল এক বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, ইউ জি সি নেট জুন-২০২৪ পরীক্ষা, ২১-শে আগষ্ট থেকে সেপ্টেম্বরের 8 তারিখের মধ্যে নেওয়া হবে। এমাসের ১৮ তারিখে এই পরীক্ষা গ্রহণের পরের দিনই তা বাতিল করা হয়।

জয়েন্ট সি এস আই আর – ইউ জি সি নেট – জুন ২০২৪ পরীক্ষা সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে স্থগিত করা হয়েছিল। তা নেওয়া হবে ২৫ থেকে ২৭-শে জুলাই-এর মধ্যে।

উল্লেখ্য, রসায়ন বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, বায়ু মন্ডল, মহাসাগর এবং গাণিতিক ও শারীরিক বিজ্ঞানে পি এইচ্ ডি-তে ভর্তির জন্য এই পরীক্ষা নেওয়া হয়ে থাকে।

চার বছরের ইন্টিগ্রেটেড টিচার এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা – এন সি ই টি, যা স্হগিত করা হয়েছিল – তা নেওয়া হবে ১০-ই জুলাই।

অল ইন্ডিয়া আয়ুষ পোস্ট গ্র্যাজুয়েট এন্ট্রান্স টেস্ট – ২০২৪, আগামী মাসের ৬ তারিখে নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী নেওয়া হবে।

oooooooooooooooooooo

ভারতের ছাত্র ফেডারেশন এস এফ আই, নিট – ইউ জি পরীক্ষায় দুর্নীতি এবং ইউ জি সি – নেট সহ বিভিন্ন পরীক্ষায় প্রশ্ন ফাঁসের প্রতিবাদে আগামী চৌঠা জুলাই দেশজুড়ে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

সংগঠনের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক ময়ুখ বিশ্বাস ওই ধর্মঘটে সামিল হওয়ার জন্য ছাত্র সমাজের প্রতি আবেদন জানিয়েছেন। এস এফ আই-এর পক্ষ থেকে এন টি এ-র পরিচালন ব্যবস্থা প্রত্যাহার, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগ নিট ও নেট পরীক্ষায় যারা বসেছিলেন, তাদের জন্য ক্ষতিপূরণের বন্দোবস্ত করা সহ বিভিন্ন দাবি জানিয়েছে। ময়ুখ গতকাল সাংবাদিকদের বলেন –

(বাইট ময়ুখ)

oooooooooooooooooooo

অনলাইনে বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ব্যবহার করে নারী পাচার ও শিশুদের হেনস্থার ঘটনা রুখতে রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন স্কুল স্তরে সর্বাঙ্গীণ সচেতনতা অভিযান চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সেখানে পড়ুয়াদের বয়সোপযোগী ডিজিটাল স্বাক্ষরতা পাঠ্যক্রমের মধ্যে দিয়ে সুরক্ষিত ভাবে সামাজিক মাধ্যম ব্যবহারের খুঁটিনাটি শেখানো হবে।

রাজ্য শিশু সুরক্ষা দিবস উদযাপন উপলক্ষ্যে দার্জিলিঙে গতকাল ইউনিসেফ এর সঙ্গে যৌথ উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন তুলিকা দাস একথা জানিয়েছেন। তিনি বলেন অল্প বয়সীদের মধ্যে সোশ্যাল মিডিয়া ব্যবহারের ক্রমবর্ধমান প্রবণতা এবং তার সুরক্ষিতভাবে ব্যবহারের সম্মক জ্ঞানের অভাব বিপদ ডেকে আনছে। সহজেই তাদের ব্যক্তিগত তথ্য ব্যবহার করে অপরাধীরা নানা রকম দুষ্কর্ম করার সুযোগ পাচ্ছে। সমাজ মাধ্যমকে

ব্যবহার করে পাচার, নাবালিকা বিবাহ, শিশুদের হেনস্থার মত ঘটনা সামনে আসছে। সে কারণে সোশ্যাল মিডিয়া তথা ইন্টারনেট ব্যবহারের খুঁটিনাটি ও বিপদের দিকগুলি সম্পর্কে তাদেরকে ভালোভাবে অবহিত করে তোলা প্রয়োজন।

রাজ্যে ইউনিসেফ এর প্রধান প্রভাত কুমার অনুষ্ঠানে ছোট বড় সকলকেই সুরক্ষিতভাবে ইন্টারনেট ব্যবহারের পরামর্শ দেন। সামাজিক মাধ্যমে ব্যক্তিগত তথ্য ভাগ করে নেওয়ার আগে সঠিকভাবে বিচার বিবেচনা করার উপরেও তিনি জোর দিয়েছেন। অনুষ্ঠানে শিলিগুড়ির মেয়র গৌতম দেব, দার্জিলিং এর জেলাশাসক প্রীতি গোয়েল, জি টি এর সচিব এস টি ভুটিয়া প্রমুখ ও উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোট পরবর্তী হিংসার ঘটনায় বিজেপির চার সদস্যের ফ্যাক্ট ফাইন্ডিং দল, দলের সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডার কাছে এসংক্রান্ত রিপোর্ট পেশ করেছে। এতে তৃনমূল কংগ্রেসের নেতৃত্বে শাসকদলের মদতপুষ্ট দুষ্কৃতীদের বিরুদ্ধে অভিযোগ জানানো হয়েছে। বিজেপি নেতা বিপ্লব কুমার দেব, রবিশঙ্কর প্রসাদ, ব্রীজলাল এবং কবিতা পাতিদারকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছিল। মহিলাদের ব্যাপক অত্যাচার ও হিংসা সত্ত্বেও কোনো মামলা দায়ের বা পুলিশের তরফ থেকে কোনো পদক্ষেপ করা হয়নি বলে বিপ্লব দেবের অভিযোগ।

এদিকে শ্রী নাড্ডা পরে এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, রাজ্য সরকার ভোট পরবর্তী হিংসার ব্যাপারে নীরব। সরকারের এই নিষ্ক্রিয়তার জন্য তিনি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেই দায়ী করেন। বিজেপি রাজ্যের মানুষের পাশে রয়েছে এবং তারা গণতান্ত্রিকভাবে লড়াই চালিয়ে যাবে বলেও তিনি আশ্বাস দেন।

ooooooooooooooooooooo

বিজেপি কোচবিহারে সংখ্যালঘু মহিলাকে নিগ্রহের ঘটনায় তদন্তকারী দল গঠন করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বিধায়ক অগ্নিমিত্রা পালের নেতৃত্বে সাত সদস্যের এই দল গঠন করেছেন। তদন্তকারী দলটি আজ কোচবিহারে গিয়ে সমগ্র বিষয় খতিয়ে দেখে রাজ্য সভাপতিকে রিপোর্ট দেবে। সাত সদস্যের কমিটিতে অগ্নিমিত্রা পাল ছাড়াও জলপাইগুড়ি সাংসদ জয়ন্ত রায়,বিধায়ক শিখা চ্যাটার্জি,মালতি

রাভা রায়,মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র,বিজেপি নেত্রী শশী অগ্নিহোত্রী ও মাফুজা খাতুন রয়েছেন।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনার কেন্দ্রীয় তদন্তকারী দল পাঠাতে জাতীয় সংখ্যালঘু কমিশন,মহিলা কমিশন এবং মানবাধিকার কমিশনে আর্জি জানিয়েছেন। কোচবিহারের মাথাভাঙার রুইডাঙায় বিজেপি-র মহিলা মোর্চার ওই কর্মীকে নগ্ন করে মারধোরের অভিযোগের প্রেক্ষিতে গতকাল তাঁর সঙ্গে কথা বলেন বিরোধী দলনেতা। ছিলেন বিজেপি-র আইনজীবী সেলের নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল। ওই ঘটনায় বিজেপি হাইকোর্টের দ্বারস্থ হবে বলে শুভেন্দুবাবু জানান।

অন্যদিকে, রাজ্য পুলিশ ঘটনাটিকে প্রতিবেশীদের মধ্যে বিবাদ বলে দাবি করেছে।

উল্লেখ্য, এমাসের ২৫ তারিখ ওই মহিলা যখন মাঠে কাজ করতে যাচ্ছিলেন, সেই সময় তার পথ আটকে তৃণমূল কংগ্রেসের লোকেরা ব্যাপক মারধোর করে বলে অভিযোগ। পরিবারের অভিযোগের ভিত্তিতে চারজনকে গ্রেফতার করেছে পুলিশ।

oooooooooooooooooo

মোবাইল চুরির অভিযোগে বৌ-বাজারে গণ প্রহারে ইরসাদ আলমের মৃত্যুর ঘটনায় পুলিশ ১৪ জনকে গ্রেফতার করেছে। ধৃতরা মুচিপাড়া থানা এলাকার নির্মলচন্দ্র স্ট্রীটের একটি ছাত্রবাসের আবাসিক। গতকালের ওই ঘটনার পর পুলিশ তাদের আটক করে দীর্ঘ জেরা করে। তারপর গ্রেফতার করা হয়। এদের বিরুদ্ধে খুনের অভিযোগ সহ বিভিন্ন ধারায় মামলা রুজু করা হয়েছে। চাঁদনিচকের যে টেলিভিশনের দোকানে ইরসাদ কাজ করতেন, তার মালিক মহম্মদ ইমরানের বয়ানের ভিত্তিতে ধৃতদের বিরুদ্ধে খুনের মামলা রুজু করা হয়েছে। ইরসাদের পরিবারের পক্ষ থেকেও থানায় অভিযোগ দায়ের করা হয়।

এদিকে, মৃত ইরসাদের দেহের আজ ময়না তদন্ত করা হবে।

আগেই জানানো হয়েছে, মোবাইল চুরির অভিযোগে বৌ-বাজারে গণ প্রহারে ইরশাদের মৃত্যুর ঘটনায় গতকাল ব্যাপক উত্তেজনা ছড়ায়। ফিরে আসে ১০

বছরের আগের স্মৃতি। বেলগাছিয়ার বাসিন্দা ইরসাদ চাঁদনিচকের একটি টেলিভিশনের দোকানে চাকরি করতেন। মুচিপাড়া থানা এলাকার ওই ছাত্রাবাসের কয়েকজন পড়ুয়া তাদের মোবাইল চুরি করার অভিযোগে ইরসাদকে গতকাল প্রথমে ছাত্রাবাসের বাইরে মারধোর করে, তারপর ভেতরে নিয়ে গিয়েও বেধড়ক প্রহার করা হয়। পুলিশ তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। তার নিম্নাংঙ্গে প্রচুর আঘাতের চিহ্ন ছিল।

উল্লেখ্য, ১০ বছর আগে ২০১৪-র নভেম্বরে এন আর এস মেডিকেল কলেজ হাসপাতালের হস্টেলে ডাক্তারি পড়ুয়ারা মোবাইল চোর সন্দেহে এভাবেই কোরপান সাহা নামে বছর ৩০-এর এক ব্যক্তি পিটিয়ে মেরে ফেলে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মিউনিসিপ্যাল করপোরেশন সাউথ সুবারবান ইউনিট স্টাফ কোঅপারেটিভ ক্রেডিট সোসাইটির নির্বাচনে সি আই টি ইউ সহ অন্যান্য বামপন্থী ইউনিয়নের জোটের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছে। এই নির্বাচনে তৃণমূল এবং বি জে পি প্রভাবিত ইউনিয়ন কোনো প্রার্থী দিতে পারিনি। বারোটি ডাইরেক্টর পদের জন্য নির্বাচন হয়। এরমধ্যে ছিল একজন এস সি, এবং দুজন মহিলা। অন্য কোন প্রার্থী না থাকায় নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সিআইটিউ জোটের ১২ জন প্রার্থীকেই ডাইরেক্টর পদের জন্য নির্বাচিত ঘোষণা করা হয়।

১৯৭৬ সালে মিউনিসিপালিটির সময়কাল থেকেই পৌর কর্মীদের এই সমবায়টি চলছে। বরাবরই সিআইটিউ নেতৃত্বাধীন জোটই জিতে বোর্ড চালিয়ে এসেছে। বছর দুয়েক আগে এই সমবায়টিরও বোর্ড ভেঙে দিয়ে তৃণমূল সরকারের সমবায়দপ্তর নিজেদের হাতে নিয়ে নেয়। এর বিরুদ্ধে কর্মীরা লাগাতার আন্দোলনে সামিল হন। রাজ্য সরকারের সমবায় দপ্তর বাধ্য হয়ে পৌর কর্মীদের হাতে সমবায় পরিচালনার দায়িত্ব ফিরিয়ে দিতে নির্বাচনের দিন ঘোষণা করে।

আগামী ১০ জুলাই বেলা ১২ টায় নব নির্বাচিত সদস্যদের প্রথম সভা হবে। সেখান থেকেই বোর্ডের চেয়ারম্যান সহ অন্যদের নির্বাচিত করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আগামীকাল শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর **প্রথম** মন-কি-বাত। মন-কি-বাতের এটি **১১১-তম** পর্ব।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

oooooooooooooooooooo

দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গায় বর্ষার বৃষ্টি শুরু হয়েছে। সন্ধের পর থেকে কলকাতা ও শহরতলির বিভিন্ন এলাকায় একটানা ভারী বৃষ্টিতে বিভিন্ন জায়গায় জল জমে যায়।

বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরীর সম্ভাবনা দেখা দেওয়ায় সপ্তাহান্তে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা। সমুদ্র উত্তাল হতে পারে। মৎস্যজীবীদের আজ থেকে পয়লা তারিখ পর্যন্ত সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে। ভারী বৃষ্টি হতে পারে, দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে।

কলকাতা, হুগলী, হাওড়া, উত্তর ২৪ পরগণা, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়ায় বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

এদিকে, কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ২৭ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস । গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৭৫ মিলিমিটার।

oooooooooooooooooooooooooooooooooooooooo